

২৭

তারিখ 27-AUG 1989.
পৃষ্ঠা.....কলাম.....

১৩

আজ ঝরোদশ মৃত্যুবার্ষিকী সব বিশ্ববিদ্যালয়ে নজরুল চেয়ার প্রবর্তনের সিদ্ধান্ত



(স্টাফ রিপোর্টার)

আজ ১২ই ভাদ্র। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ঝরোদশ মৃত্যুবার্ষিকী।

জন্মদিনে, বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ এই কবির মৃত্যুবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের জন্য দেশব্যাপী বিভিন্ন সংস্থা সংগঠন প্রতিষ্ঠান আজ বিস্তারিত কর্মসূচী গ্রহণ করেছে। নজরুল ইনস্টিটিউট ও শিল্পকলা একাডেমীর তিন দিনব্যাপী অনুষ্ঠানমালা শুরু হয়েছে গত শুক্রবার।

আজকের কর্মসূচীর মধ্যে রয়েছে কবির মাজারে পুষ্পস্তবক অর্পণ ফাতেহা পাঠ, আলোচনা, আবৃত্তি মিলন ও কবিতা ও সঙ্গীতানুষ্ঠান।

(শেষ পৃষ্ঠা ৬-এর কলামে)

১ম পৃষ্ঠা পর

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের প্রাতি সম্মান প্রদর্শন এবং যথাযথ গুরুত্ব সহযোগে উচ্চতর পর্যায়ে নজরুল পঠন-পাঠন ও গবেষণার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট নজরুল গবেষণা কেন্দ্র স্থাপন এবং বিশ্ববিদ্যালয় একাডেমিক পরিষদ নজরুল অধ্যাপক পদ সৃষ্টির সিদ্ধান্ত নিয়েছে।

দেশের বিশিষ্ট নজরুল সাহিত্য বিশেষজ্ঞ বাংলা বিভাগের প্রফেসর রফিকুল ইসলামকে নজরুল অধ্যাপক এবং নজরুল গবেষণা কেন্দ্রের পরিচালক নিয়োগ করা হয়েছে।